

আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে “বিশ্ব হাত ধোয়া দিবস-২০১৮” ও গণিত উৎসব-২০১৮ অনুষ্ঠিত

October 15, 2018

42



স্টাফরিপোর্টার:

আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া, যুব রেড ক্রিসেন্ট দল, স্কাউট ও গার্ল-ইন-স্কাউট দলের উদ্যোগে ১৫ অক্টোবর, ২০১৮ আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ায়

“বিশ্ব হাত ধোয় দিবস-২০১৮” উদ্যাপিত হয়েছে। সকাল ১০:০০ টায় র্যালির মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হয়। রালিতে নেতৃত্ব দেন আরডিএ, বগুড়ার ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব নারগিস জাহান। এছাড়াও, স্কুলের শিক্ষার্থীরা দর্শনার্থীদের হাত ধোয়ার মাধ্যমে এই দিবসটি পালন করে। এতে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের প্রাথমিক শাখার শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ, আরডিএ, বগুড়ার বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ায় গণিতের তাত্ত্বিক ও প্রায়োগিক দিককে শিক্ষার্থীদের সামনে সহজবোধ্য করার উদ্দেশ্য নিয়ে আয়োজন করা হয় আকর্ষণীয় প্রোগ্রাম “গণিত উৎসব-২০১৮”। গণিতের ক্ষেত্রগুলো ছিল- বীজগণিত, জ্যামিতি এবং ত্রিকোণমিতি। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা এই উৎসবে অংশগ্রহণ করেন। ৩য় থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা এই উৎসব উপভোগ করে। পাশ্চাত্য ১৫টি স্কুল এবং মাদ্রাসার শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ “গণিত উৎসব-২০১৮” পরিদর্শন করেন। প্রফেসর গোলাম মোস্তফা, অধ্যক্ষ (অব.), বিজ্ঞান গবেষক জনাব রেজাউল করিম, টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর এবং সঞ্জীব বর্মণ, গাইবান্ধা, জনাব মোঃ মাহবুবুল আলম, অধ্যক্ষ, আল হেলাল একাডেমী, সাপাহার, নওগাঁ, শিক্ষক, শিক্ষার্থী এবং এসএসসি মেম্বারসহ গণিত উৎসব-২০১৮ পরিদর্শন এবং অনুষ্ঠান উপভোগ করেন। গণিত উৎসব-২০১৮ এর শুভ উদ্বোধন করেন জনাব নারগিস জাহান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), আরডিএ, বগুড়া।